



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/১৩৪

তারিখ: ৩১/১২/২০২৪খ্রি.

বিষয়: ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার প্রধান পরীক্ষক, পরীক্ষক হওয়ার তথ্যাবলি (eTIF) অনলাইনে এন্ট্রি/সংশোধন/মুছে ফেলা প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সরকারি, এমপিওভুক্ত ও বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল/ স্কুল এন্ড কলেজ) কর্মরত সকল শিক্ষকগণকে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে আগামী ০১/০১/২০২৫ থেকে ৩০/০১/২০২৫ তারিখের মধ্যে বোর্ডের ওয়েবসাইটে **Institute Panel** এবং (eTIF) প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য দিয়ে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণপূর্বক নাম অন্তর্ভুক্ত/ সংশোধন/ সংযোজন/ মুছে ফেলা যাবে।

### (eTIF) পূরণ সংক্রান্ত নির্দেশনা:

- প্রতিষ্ঠান প্রধানসহ কর্মরত সকল শিক্ষকের পরীক্ষা সংক্রান্ত গোপনীয় কাজ সম্পাদনের লক্ষ্যে eTIF পূরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হলো।
- সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, প্রধান পরীক্ষক হওয়ার জন্য কতিপয় শিক্ষক সৃজনশীল/ অন্যান্য বিষয়ের মাস্টার ট্রেনার না হওয়া সত্ত্বেও eTIF এর ডাটায় মাস্টার ট্রেনার এর কলাম এন্ট্রি করছেন, যা গর্হিত অপরাধ। সুতরাং যাদের মাস্টার ট্রেনার প্রশিক্ষণ আছে তাদের প্রশিক্ষণ সংক্রান্ত সনদ এর স্ক্যান কপি eTIF এ আপলোড করতে হবে।
- সম্মানিত শিক্ষকবৃন্দের অনেকেই তাদের পরীক্ষার ফলাফল তথ্যে এসএসসি, এইচএসসি, স্নাতক (পাস), স্নাতক (সম্মান) মাস্টার্স, বি.এড, এম.এড, পিএইচডি ইত্যাদি পরীক্ষায় প্রাপ্ত বিভাগ/ শ্রেণি/ জিপিএ eTIF এর নির্দিষ্ট কলামে এন্ট্রি না করে ফাঁকা রাখেন, অথচ প্রধান পরীক্ষক/ পরীক্ষক হওয়ার ক্ষেত্রে ফলাফলে সুনির্দিষ্ট পয়েন্ট রয়েছে। সুতরাং উক্ত কলামসমূহে স্ব স্ব প্রাপ্ত বিভাগ/ শ্রেণি/ জিপিএ এন্ট্রি করতে হবে এবং সার্টিফিকেটসমূহের স্ক্যান কপি আপলোড করতে হবে।
- First Joining** এর ক্ষেত্রে অনেকে তার বর্তমান প্রতিষ্ঠানে যোগদানের তারিখ দিয়ে থাকেন। এ কারণে তাঁর শিক্ষকতার প্রকৃত অভিজ্ঞতা নির্ণয় করা যায় না। উদাহরণ: একজন শিক্ষক একটি শিক্ষা প্রতিষ্ঠানে ১০ বছর কর্মরত ছিলেন, পরবর্তীতে বর্তমান প্রতিষ্ঠানে ০৫ বছর কর্মরত আছেন তাহলে তাঁর অভিজ্ঞতা হবে ১৫ বছর, এ ক্ষেত্রে বর্তমান প্রতিষ্ঠানে যোগদানের তারিখ দিয়ে ডাটা এন্ট্রি করলে অভিজ্ঞতা ০৫ বছর বিবেচনায় আসবে। সুতরাং **First Joining** হবে প্রথম শিক্ষা প্রতিষ্ঠানে যোগদানের তারিখ/ এমপিওভুক্তির তারিখ। উল্লেখ্য প্রতি বছর চাকুরির জন্য নির্ধারিত পয়েন্ট রয়েছে।
- শিক্ষকদের ডাটা পূরণের সময় অবশ্যই নিজ নামে সোনালী ব্যাংকের ১৩ ডিজিটের সচল হিসাব নম্বর প্রদান করতে হবে এবং প্রদত্ত মোবাইল নম্বরটি সচল রাখতে হবে।
- এমপিওভুক্ত প্রতিষ্ঠানের নন-এমপিও, খন্ডকালীন, গুরুতর অসুস্থ (শারীরিক/মানসিক) শিক্ষক, অফিস সহকারী, লাইব্রেরিয়ান, শরীরচর্চা শিক্ষক কম্পিউটার অপারেটর এর তথ্য কোনো অবস্থাতেই eTIF এ প্রেরণ করা যাবে না। এ ধরনের তথ্য সংযোজন করলে এর দায় দায়িত্ব তথ্য অনুমোদনকারী হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।
- যে শিক্ষক যে বিষয়ে নিয়োগপ্রাপ্ত/ এমপিওভুক্ত এবং পাঠদান করেন শুধুমাত্র সে বিষয়ই Select করতে হবে।
- যে সকল শিক্ষক মৃত্যুবরণ করেছেন/ প্রতিষ্ঠান পরিবর্তন করেছেন/ বদলি হয়েছেন তাঁদের তথ্য প্রতিষ্ঠান প্রধান **Institute Panel** লগইন করে **All Teacher** তালিকা থেকে মুছে ফেলবেন।
- প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকগণের তথ্য অনলাইনে প্রেরণ শেষে হার্ড কপিতে সংশ্লিষ্ট শিক্ষকের স্বাক্ষর নিয়ে প্রতিষ্ঠান প্রধান সংরক্ষণ করবেন। প্রয়োজনে বোর্ড সেগুলো তলব করবে। eTIF পূরণে কোনো তথ্য গোপন বা অসত্য তথ্য সংযোজন করলে এর দায় দায়িত্ব তথ্য অনুমোদনকারী হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।
- যে সকল শিক্ষকগণ পূর্বে eTIF পূরণ করেছেন তাদেরকেও এ বছর প্রয়োজনীয় তথ্য সংশোধন এবং সার্টিফিকেট এর স্ক্যান কপি আপলোড করতে হবে।
- যে সকল শিক্ষক PRL -রত অবস্থায় বা চাকুরি ৬০ বছর চলমান (বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে) তাদের ডাটা নিজ দায়িত্বে মুছে ফেলতে হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের পরে পাঠানো কোনো তথ্য ২০২৫ সালের এসএসসি পরীক্ষার জন্য প্রযোজ্য হবে না।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
(প্রফেসর মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

ইমেইল: [conbisemym@gmail.com](mailto:conbisemym@gmail.com)

প্রাপক

প্রধান শিক্ষক/ অধ্যক্ষ

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক

পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান